



সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর- ৪০.০০.০০০০.০১৩.৯৯.০০১.২১-৬৮

তারিখ: ২৯/০৬/২০২২ খ্রিঃ

শ্রীমত মহাপরিদর্শক,

শুভেচ্ছা নিবেন। আপনি জেনে আনন্দিত হবেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন নির্দেশিকা এর ২.৫.১ অনুচ্ছেদ অনুযায়ী “বছর শেষে সামগ্রিক মূল্যায়নে আওতাধীন সেরা অফিসকে উর্ধ্বতন অফিস কর্তৃক যথাযথ প্রণোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। আওতাধীন কোন অফিস না থাকলে এপিএ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য একই অফিসের একজন কর্মচারীকে প্রণোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে আওতাধীন একাধিক দপ্তর/কর্মচারীকে প্রণোদনা প্রদানে কোনো বাধা থাকবে না।”

উক্ত নির্দেশনার আলোকে ২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন এবং উক্ত চুক্তিতে বর্ণিত সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জনে বিশেষ ভূমিকা রাখার জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরকে এপিএ প্রণোদনা প্রদানের জন্য মনোনীত করা হয়েছে। আমি আশাবাদ ব্যক্ত করছি যে, এই প্রণোদনা আপনি এবং আপনার সংস্থা কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কার্যক্রমকে আরও গতিশীল করবে।

আমি আপনার এবং আপনার সংস্থা কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে কর্মরত সকল সহকর্মীদের মঙ্গল কামনা করছি।

শ্রীমত মহাপরিদর্শক,

২৯/০৬/২০২২
(মোঃ এহসানে এলাহী)

মহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১৯৬ শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা